সারা বিশ্বে করোনাভাইরাস সংক্রামিত রোগ (কোভিড-১৯, COVID-19) অতিমারী রূপে দেখা দিয়েছিল ২০১৯ সালের ডিসেম্বর থেকে। প্রায় চার বছর আগে চিনের ওয়ুহান (Wuhan) শহরে প্রথমে এই ভাইরাসের (SARS-CoV-2, করোনা ভাইরাস) সংক্রমণ ধরা পরে। প্রকোপ কমলেও এটাকে পুরোপুরি আয়ত্তে আনা সম্ভভ হয়নি। আজ পর্যন্ত সমস্ত পৃথিবীতে প্রায় ৭০ কোটি লোক সংক্রমিত ও ৬৯ লাখ লোকের মৃত্যু হয়েছে। শুধু আমেরিকাতেই প্রায় ১১ কোটি লোক আক্রান্ত হয়েছে এবং ১১ লাখ লোক প্রান হারিয়েছে। এই মহা বিপদে পিসিআর(PCR) বা পলিমারেজ চেইন রিয়াকসান রোগ নির্ণয়ে অগ্রনি ভুমিকা পালন করে আমাদের অনেককে নিশ্চিত মৃত্যুর হাত থেকে বাচিয়েছে। টিকা আবিষ্কারের ফলে ভাইরাস কে প্রতিরোধ করার শক্তি অবশ্যই বেরেছে, কিন্তু আক্রমনের ফলে শরীরে অনেক পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয়, এবং তার ফলে শরীরের অনেক কলকব্জা নরবরে হয়ে যায় এবং অন্য অসুখে অনেক প্রান হানি ঘটছে।

ক্যারি মুলিস পিসিআর (PCR) বা পলিমারেজ চৈইন রিয়াকসন (Polymerase Chain Reaction) এর আবিষ্কারক। ১৯৮৩ সালে ক্যালিফরনিয়ার সিটাস করপোরেসন (Cetus Corporation) এ কাজ করার সময় এই পদ্ধতি টি তিনি আবিষ্কার করেন। তার জন্যে ওঁকে ১৯৯৩ সালে নোবেল প্রাইজ দেওয়া হয়। মানব সভ্যতার অশেষ কল্যান সাধন করবে এই রকম দৃষ্টান্ত মুলক আবিষ্কারকেই সাধারনত নোবেল প্রাইজ প্রাপক হিসেবে গন্য করা হয়। এই পুরষ্কার একক আবিষ্কারের জন্য। বিগত ৩০ বছরের অনেক নোবেল প্রাইজ পাওয়া আবিষ্কারের ওপর ভিত্তি করে এই পি সি আর পদ্ধতি গড়ে উঠেছিল। কি ভাবে ক্যারি মুলিস এই পদ্ধতিটি আবিষ্কার করেছিল এবং সেটা কি ভাবে কাজ করে বুঝলে সংক্রমণ প্রতিরোধ করা অনেক সহজ হবে।

যাদের প্রান আছে যেমন মানুষ, ভাইরাস বা ব্যাকটেরিয়া সবারই একটি জেনম (genome) থাকে যাতে ওর বংশের ও জীবনের তথ্য সংরক্ষন করা থাকে যেটা সময়মত প্রকাশ প্রায় বা ব্যবহৃত হয়। বেশিরভাগ ক্ষেত্রে এই জেনম ডিএনএ (DNA); শুধু কতকগুলি ছোট ভাইরাস এ আরএনএ (RNA) থাকে। আরএনএ এবং ডিএনএ এর মধ্যে প্রধান তফাৎ শুধু সুগার মলিকুলে। আমাদের দেহে জীবকোষের নিউক্লিউস এর ক্রোমোজোম ডিএনএ দিয়ে তৈরি। এর মধ্যে বংশানু বা জিন (gene) লুকিয়ে রয়েছে। করোনাভাইরাস জেনম একটি ম্যাসেনজার আরএনএ (mRNA)। এই ধরনের

আরএনএ আমাদের দেহে ডিএনএ থেকে সংকেত নিয়ে সাইটোপ্লাজমে যায় এবং সেখানে প্রোটিন তৈরি করে। ফলে করোনাভাইরাসের সুবিধা হল কোনরকমে জীবকোষের সাইটোপ্লাসমে প্রবেশ করার সঙ্গে সঙ্গেই তার বাচার সংগ্রাম আরম্ভ করে। মানব দেহের সরঞ্জাম কে কাজে লাগিয়ে, নিজের দরকারি প্রোটিন তাড়াতাড়ি তৈরি করে ফেলে । ভাইরাস টি গোলাকার, খালি চোখে দেখা যায় না। এমনকি সাধারন মাইক্রোস্কোপও ধরা পরে না। আমাদের জীবকোষের বাইরের ঝিল্লিতে (membrane) এক ধরনের প্রোটিন থাকে যাকে রিসেপ্টর (receptor) বলে। এটা জীবকোষের ভিতরে ঢোকার রাস্তা। এই প্রোটিনের একটি অংশ জীবকোষের বাইরে, মাঝের অংশ ঝিল্লির মধ্যে ও শেষ অংশ জীবকোষের ভিতরে থাকে। করোনাভাইরাসের রিসেপ্টর এসিই ২ (ACE2) নামক একটি প্রোটিন। ভাইরাসের বাইরের দিকে যে স্পাইক প্রোটিন থাকে সেটা এই রিসেপ্টরকে জড়িয়ে ধরে ভিতরে ঢোকার জন্য । প্রথমে শ্বাসনালিতে জীবকোষকে আক্রমন করে, এবং পরে শ্বাসযন্ত্রে বসতি স্থাপন করে।

জেমস ওয়াটসন (James Watson) এবং ফ্রান্সিস ক্রিক (Francis Crick) ১৯৫৩ সালে ডিএনএ র গঠন আবিষ্কার করেন। এটা বিংশ শতাব্দির এক যুগান্তকারী আবিষ্কার এবং আনবিক জীববিজ্ঞানের শুরু। এটা না জানা থাকলে, পিসিআর কোনদিনই আবিষ্কার হত না। এটা বোঝা খুব কঠিন নয়। ডিএনএ তে দুইটি চেইন থাকে, সুগার এবং ফসফেট মিলে এর মেরুদন্ড (backbone) তৈরি করে এবং এতে পরমানু গুলি বিপরিত ভাবে সাজানো থাকে (anti-parallel)। একটি চেইনে যদি নিচ থেকে ওপরে যায় অন্য চেইনে ওপর থেকে নিচে নামে । ডিএনএ তে চার রকমের চ্যাপ্টা বেস – অ্যাডেনিন (A), থাইমিন (T), গুয়ানিন (,G), সাইটোসিন (C)- সুগার মলিকুল এর সঙ্গে যুক্ত হয় এবংএকটি বিশেষ ক্রমে সাজান থাকে। সুগার, বেস ও ফসফেটের সংমিশ্রণই ডিএনএ র বেসিক ইউনিট নিউক্লিওটাইড তৈরি করে । তিনটি বেস একসাথে (যেমন ATG ,TGC) এক একটি জেনেটিক কোড যেটা প্রোটিনের ২০ টি অ্যামিনো অ্যাসিড (amino acid) এর একটি কে বোঝায় । সব সময়ই একটি চেইন এর A অন্য চেইনের T , এবং G অন্য চেইনের C এর সংগে এক বিশেষ শক্তির (hydrogen bonding) মাধ্যমে যুক্ত থাকে । এই শক্তিই ডিএনএ ডাবল হেলিক্স তৈরী করে এবং চেইন দুটিকে ধরে রাখে। GC জোড় AT জোড়ের থেকে বেশি শক্তিশালি। একটি চেইনে যদি ATGC থাকে অন্য চেইনে থাকবে, TACG। এই পরিপূরক বেস পেয়ার তৈরি করাই বংশ ধর্ম সংরক্ষণ করার মূলমন্ত্র। চেইন দুইটি পরস্পর কে জড়িযে থাকে এবং সেটা আবার একটি অক্ষের চারপাশে স্পাইরাল সিড়ির মত (helix) উঠতে থাকে। এক একটা ধাপ যেন এক একটি বেস পেয়ার। অন্যভাবেও ডিএনএ কে বোঝা যেতে পারে। ডিএনএ র দুই দিক ধরে টানলে একটি দড়ির মত লম্বা হয়। পাকানো দুইটি সুতা দুইটি সুগার-ফসফেট চেইন, যার থেকে বেস গুলি বেরিয়ে হাইড্রোজেন বন্ডিং দ্বারা আবদ্ধ থাকে । পিসিআর এর জন্য যে প্রাইমার বা প্রোব লাগে সেটা ডিএনএ র একটা ছোট অংশ- ৬ থেকে ১০-১২ নিউক্লিওটাইড লম্বা। উচ্চ তাপমাত্রায় ডিএনএ হেলিক্ষ এর চেইন দুইটি আলাদা হয়ে যায় । তাপমাত্রা কমাতে থাকলে চেইন দুইটি আবার জোড়া লাগে এবং বেস পেয়ার তৈরি করে । পিসিআর প্রাইমার, দুইটি বিচ্ছিন্ন চেইনের বিপরীত প্রান্তে পরিপূরক (complementary) বেস পেয়ার তৈরি করে যুক্ত হতে পারে। আরথার কর্নবার্গ (Arthur Kornberg) ১৯৫৬ সালে ডিএনএ পলিমারেজ নামক একটি এনজাইম আবিষ্কার করেছিলেন যেটা ডিএনএ-র প্রতিলিপিকরনের (replication) মাধ্যমে চেইন কে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে সম্প্রসারিত করে। ডিএনএ প্রতিলিপিকরনের সঙ্গে পিসিআর এর অনেক মিল আছে। পিসিআর এর জন্য এটা অত্যাবশ্যক, এটা না হলে পিসিআর কোনদিনই আবিষ্কার হত না।

ক্যারি মুলিস খুব সাধারন মানের বৈজ্ঞানিক ছিলেন, কিন্তু এই অগ্রগতি সমন্ধে অবগত ছিলেন এবং ঠিক সময়ে ঠিক জায়গায় ছিলেন। সিটাস করপোরেশনে কাজ করার সময় ওঁর কাজ ছিল সকলের জন্য অলিগোনিউক্লিওটাইড (oligonucleotide) তৈরি করা। এই সময় ওঁর মনে আসে অলিগোনিউক্লিওটাইড দিয়ে ওঁ মানুষের বংশানুর (জিনের) পরিবর্তন বা মিউটেশন চিন্হিত করবে । কিন্তু একক (single copy) জিনের ক্ষেত্রে সিগনাল কম জোর হওয়ায় সেটা সফল হয়নি। অনবরত মাথায় ঘুরতে থাকে কি করে এই সিগনাল বাড়ানো যায়। এক রাতে ক্যালিফোর্নিয়ার পার্বত্য এলাকায় গাড়ি চালানোর সময় এক বুদ্ধি মাথায় আসে যে দুইটি চেইন এর জন্য বিপরীতমুখী দুই টি আলাদা প্রাইমার ব্যবহার করে এই সংখ্যা বাড়ানো যেতে পারে। ক্যারি মুলিস ঝাপিয়ে পড়লেন পরীক্ষা করার জন্য। এর জন্য তিন টি ভিন্ন তাপমাত্রা প্রয়োজন। আর প্রয়োজন ডিএনএ টার্গেট যেটার পিসিআর করা হবে, প্রাইমার ,চারটি নিউক্লিওটাইডের সংমিশ্রণ ও এনজাইম। সেটা প্রথমে বিকারে জল গরম করে আরম্ভ করেন। উচ্চ তাপমাত্রায়, ৯৫ ডিগ্রি সেন্টিগ্রেডে (° C) চেইন দুইটি আলাদা করা, নিম্নতর তাপমাত্রা ৫৫° C এ দুইটি চেইনের বিপরিত প্রান্তে প্রাইমার যোগ করা এবং সেই প্রাইমার অন্তর্বর্তী তাপমাত্রা ৭২° C এ ডিএনএ পলিমারেজ দ্বারা অন্যদিকে বাড়িয়ে নতুন চেইন তৈরি করা । এক সমস্যা দেখা দিল। ডিএনএ পলিমারেজ ৯৫° C তাপমাত্রায় নষ্ট হয়ে যায়। সেইজন্য প্রতি সাইকেলে শেষ ধাপে এটা যোগ করতে হয়। টমাস ব্রক (Thomas Brock) এবং হাডসন ফ্রীজ (Hudson Freeze) ১৯৬৯ সালে গরম ফোয়ারার জল থেকে থার্মোফিলিক (thermophilic) ব্যাকটেরিয়া এবং ট্যাক পলিমারেজ আবিষ্কার করেন যেটাএকবার যোগ করলেই ৭২ ° C এ প্রাইমার কে নতুন চেইনের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে বাড়াতে থাকে। প্রায় দুই মিনিটেই এই কাজ সম্পন্ন হয় এবং একটি থেকে দুইটি ডিএনএ তৈরি হয়। প্রতি চক্রে ডিএনএ এর পরিমান দ্বিগুন হতে থাকে। ২,৪, ৮,১৬... এই রকম ভাবে বাড়তে বাড়তে এক ঘণ্টার মধ্যে কোটি কোটি ডিএনএ তৈরি হয়। এটা ফটোকপি মেশিনের মত কাজ করে। তাছাড়া খুব কম সংখ্যক এবং শুধু করোনাভাইরাস কে চিন্হিত করতে পারার জন্য পরীক্ষাটি খুবই সূক্ষ।এটাই পিসিআর এর জন্মের এবং শৈশবের ইতিহাস। সতেরো বছর আগে ভারতীয় নোবেল প্রাইজ প্রাপক হরগোবিন্দ খোরানাও এই সম্ভাবনার কথা উল্লেখ করে ছিলেন কিন্তু পরীক্ষার দ্বারা প্রমান করেননি। ক্যারি মুলিসের চারিত্রিক দৃঢ়তাই তার সফলতার মুল কারন।

করোনাভাইরাস জেনম মানুষের জেনমের মত নয়। এটি ডিএনএ নয়, আরএনএ। ফলে পিসিআর করতে হলে আরএনএ কে ডিএনএ (cDNA) তে পরিবর্তিত করতে হয় রিভারস্ ট্রানসক্রিপটেস নামক একটি এনজাইম দ্বারা। একবার সি ডিএনএ (cDNA) তৈরি হলে বাকি প্রণালি ডিএনএ আর মত কাজ করে। এই প্রণালি কেই আর টি -পিসিআর (RT-PCR) বলা হয়। পিসিআর বা আরটি-পিসিআর শুধু মাত্র বলতে পারে সংক্রমণ আছে কি নেই। তার বেশি জানা যায় না। সংক্রমণ কোন স্তরে আছে এবং কতটা মারাত্মক হতে পারে তা জানতে হলে পরীক্ষা পদধ্তি উন্নত করা দরকার। এর জন্য আবার একটি অলিগোনিউক্লিওটাইড প্রোব (probe) বানানো হয় যেটা দুইটি চেইনেরই প্রাইমারের নিচের দিকে বাধে। তার মাথার দিকে থাকে একটি ফ্লুরোসেন্ট (fluorescent) মলিকুল যেটা থেকে আলোর নির্গমন হয় এবং শেষের দিকে থাকে কোয়েনচার (quencher), যার কাজ হল প্রোবটি চেইনে লেগে থাকা অবস্থায় ফ্লুরোসেন্স আলোর নির্গমন ঘটতে না দেওয়া। প্রোবটি ভেঙ্গে দিলে তবেই, আলোর নির্গমন দেখা যাবে। এবং সেই আলো মাপা যাবে। ট্যাক পলিমারেজের একটি বিশেষ গুন হল ডিএনএ চেইন পরিবর্দ্ধিত করার সময় এই প্রোবকে ভেঙ্গে গুড়ো করে দেয় আলোর নির্গমন ঘটাতে । চক্রের সংখ্যা যত বাড়তে থাকে আলোর পরিমান তত বাড়ে । আবার চক্রের সংখ্যা এবং আলোর পরিমান এর গ্রাফ্ থেকে দুইটি তথ্য পাওয়া যায়। প্রথমটি আলোর বেস

লাইন ঠিক করে এবং দ্বিতীয়টি দেখায় কোন সাইকেলে আলোর সিগনাল প্রথম ধরা পড়ছে। এটাকে সাইকেল থ্রেসলড (Cycle Threshold) বা সিটি (CT) বলে। এই সিটির মানই সবথেকে গুরুত্বপূর্ন । এই পদ্ধতিকে আর টি- কিউ পিসিআর (RT-qPCR) বলে। ভাইরাসের সংখ্যা যত বাড়বে, সিটি তত কমতে থাকবে। অর্থাৎ কম সাইকেলেই এই আলো দেখা যাবে। সিটি ৪০ এর কম হলে ভাইরাস পসিটিভ (positive), সিটি ৪০ এর বেশি হলে ভাইরাস নেগেটিভ (negative) এবং সিটি ৩৭- ৪০ এর মধ্যে হলে এক অনিশ্চিতিয়তা দেখা দেয়, অল্প ভাইরাস থাকতেও পারে আবার নাও থাকতে পারে। এটা কন্টামিনেসনও (contamination) হতে পারে। সুতরাং পরীক্ষা পুনরায় করা দরকার। এই ব্যাপারে নিশ্চিত হওয়া শক্ত ব্যাপার, কিন্তু সংক্রমণ ছড়ানোর জন্য এটাই সব থেকে সহজ উপায়।

সংক্রমণের পর কখন আর টি -পিসিআর পরীক্ষা করা হচ্ছে সেটাও গুরুত্ব পূর্ণ। একটা সময় আছে যখন ভাইরাসের সংখ্যা কম থাকার জন্য পরীক্ষায় ধরা পরেনা। এটাকে ইনকুবেশন পিরিয়ড বলে। উপসর্গ দেখা যাওয়ার দুই দিন আগে, রোগী ভাইরাস ছড়াতে পারে যাহা অন্য লোকের শরীরে প্রবেশ করে। পিসিআর এর বড় সমস্যা হোল ফলস পজিটিভ (false positive, মিথ্যা হ্যা) এবং ফলস নেগেটিভ (false negative, মিথ্যা না) ফল। এর জন্যই তাড়াতাড়ি সংক্রমণ ছড়ায়। এটা কমানোর জন্য দুইটি কন্ট্রোল ব্যবহার করা হয়। পসিটিভ কন্ট্রোল ফলস নেগেটিভকে এবং নেগেটিভ কন্ট্রোল ফলস পসিটিভকে বন্ধ করে বা এদের সংখ্যা কমিয়ে দেয়। ভাইরাসের সংখ্যা কম থাকলে মিথ্যে না এর সংখ্যা বেশি হয় (১০-৩০) শতাংশ, এবং রোগী নিশ্চিন্তে বাড়ীতে থাকে সকলের সঙ্গে। অনেক মিথ্যে হ্যাও এই পরীক্ষায় দেখা যায় এবং রোগীকে হাসপাতালে পাঠনও হয়। সেখান থেকেএকটি সুস্থ লোক সংক্রমণ নিয়ে বাড়ি ফিরতে পারে। তার সংখ্যা অপেক্ষাকৃত হারে কম। আরটি-পিসিআর টেস্ট এ অনেক সমস্যা দেখা দেয় অনেক কারনে। যেমন, আরএনএ অপরিষ্কার থাকলে অথবা সেটা ঠিক তাপমাত্রায় স্টোর না করলে আর এন এ ভেঙ্গে যেতে পারে। আর এন এ ভাঙ্গা কিনা সেটা আর একটি আভ্যন্তরীন কন্ট্রোল (internal control) নিয়ে বোঝা যায়। ভুল কেমিকাল ব্যবহার করা, পসিটিভ বা নেগেটিভ কন্ট্রোল ব্যবহার না করা এবং আরএনএ র মান নির্ণয়ের জন্য আভ্যন্তরিন কন্ট্রোল ব্যবহার না করলে আর টি পিসিআর দ্বারা সংক্রমণ ধরতে অনেক ভুল থেকে যায়।

ভাইরাস শরীরের বাইরে প্রানহীন। শরীরে প্রবেশ করার পর দেহের কলকব্জা গুলি হাইজ্যাক (hijack) করে নিজের বংশ বৃদ্ধি করার কাজে ব্যবহার করে । যত বেশিদিন শরীরের মধ্যে থাকে তত বেশি এর জিনের মিউটেশন হয়, আর নতুন নতুন ভেরিয়্যান্ট তৈরি হয়। এদের ক্ষমতা অনেক ভাবে পরিবর্তিত হতে পারে। নতুন প্রজন্ম অনেক বেশি সংক্রমণ ছড়াতে পারে, আরও কঠিন রোগের সৃষ্টি করতে পারে, নতুন ভ্যাক্সিন কে কার্যকারী নাও করতে পারে, অথবা, প্রাইমার দিয়ে আরটি- পিসিআর পরীক্ষায় ভাইরাস ধরা নাও পরতে পারে। ভারতবর্ষে আবিষ্কৃত একটি ডেল্টা ভেরিয়্যান্ট প্রাথমিক করোনাভাইরাস থেকে দ্বিগুন শক্তিশালি। ভাইরাসের স্পাইক প্রোটিনের একটি ডোমেন জীবকোষের রিসেপ্টর এর যে অংশ ঝিল্লির বাইরের দিকে থাকে তার সাথে বাধে ভিতরে ঢোকার জন্য। এই ডোমেন কে রিসেপ্টর বাইনডিং ডোমেন (Receptor Binding Domain) বা আরবিডি (RBD) বলা হয় যেটা ভাইরাসের চরিত্র কে অনেক নিয়ন্ত্রণ করতে পারে। এটার ঘন ঘন পরিবর্তনের বা মিউটেসন (mutation) এর ফলে (conversion of ATGC bases to other bases) নতুন ভেরিয়্যান্টের জন্ম হয়। যেমন ডেল্টা ভেরিয়্যান্ট এর স্পাইক প্রোটিনে ১০ টি মিউটেসন (mutation) রয়েছে বা ১০ জায়গায় পরিবর্তিত হয়েছে। তার মধ্যে দুই টি আরবিডি

(RBD) তে, যেটা ভাইরাস কে ভিতরে টুকতে সাহায্য করে । আবার নতুন ওমিক্রন ভেরিয়্যান্ট এর গোঁটা জেনমে ৫০ টি মিউটেসন রয়েছে । তার ৩৬ টি আছেস্পাইক প্রোটিনে এবং ১৫ টিই আরবিডি তে। এই ভেরিয়্যান্ট অনেক তাড়াতাড়ি সংক্রমণ ছড়ায়। এর থেকে সহজেই অনুমান করা য়ায় স্পাইক প্রোটিনের আরবিডি অংশ জীবকোষে ঢোকার জন্য খুবই প্রয়োজনীয়। এই অংশে মিউটেসনের ফলে ভবিষ্যতে আরও শক্তিশালী ভেরিয়্যান্ট তৈরী হতে পারে। যেটা খুবই বিপজ্জনক । বর্তমানে ওমিক্রনের আরও কয়েকটি ভ্যারিয়ান্ট (BA.2, BA.3, BA.4, BA.5) অনেক দেশে ধরা পরেছে কিন্তু ওর উপর বেশি তথ্য এখনও জানা নেই। BA.5 সব থেকে বেশি সংক্রামক। এতে স্পাইক প্রোটিন জিনে বেস মিউটেশন ছাড়াও একটি ছোট অংশ অনুপস্থিত (deletion)। কোন কোন ভেরিয়্যান্ট খুবই হিংস্র হতে পারে কারন এটা টিকাকরনের ফলে অর্জিত প্রতিরোধ ক্ষমতাকে নষ্ট করে দিতে পারে। নতুন ভেরিয়্যান্ট ভাইরাস সংক্রমণের নতুন ঢেউ এর সৃষ্টি করতে পারে কারন ভাইরাসের চরিত্র ও উপসর্গ, এমনকি সনাক্তকরণেও সমস্যা দেখা দিলে আশ্চর্য্য হবার নয়। সম্প্রতি আরও দুইটি ভেরিয়্যান্ট -EG.5 এবং BA.2.86 (Pirola) ধরা পড়েছে, কিন্তু এদের সম্বন্ধেও এখনও খুব বেশি জানা যায়নি। তবে আমেরিকাতে EG.5 বেশ প্রভাবশালী এবং এর ওপর বিশেষ নজর রাখা হচ্ছে। BA.2.86 সম্ভবত omicron এর ভেরিয়্যান্ট । এটা অন্য ভেরিয়্যান্ট থেকে অনেকটাই আলাদা এই জন্য যে এটার সংক্রমণ ক্ষমতা কম হলেও শরীরে তৈরি হওয়া antibody কে উপেক্ষা করতে পারে।

কোভিড-১৯ নিয়ন্ত্রণে আরটি-পিসিআর এর অবদান অসামান্য এবং পদ্ধতি টি খুবই সূক্ষ্ম। লক্ষ লক্ষ লোকের প্রান বাঁচিয়েছে এই পরীক্ষা পদ্ধতি। দূর্ভাগ্যবশত ক্যারি মুলিস মাত্র কয়েক মাসের জন্য সেটা দেখে যেতে পারেননি । কিন্তু এটাকে অধিক কার্যকারী করতে পরীক্ষা আরও সঠিকভাবে করা প্রয়োজন। সমস্ত পরীক্ষা অভিজ্ঞ লোক দিয়ে করা দরকার। সংক্রমণ কমানোর জন্য সব থেকে গুরুত্বপূর্ণ হল তিন টি কন্ট্রোল ব্যবহার করা। একটি ফলস পসিটিভ (মিথ্যা হ্যা) এবং অন্য টি ফলস নেগেটিভ (মিথ্যা না)- এর সংখ্যা কমাবে । তৃতীয়টি নিশ্চিত করবে যে আরএনএ ব্যবহার করা হয়েছে সেটা পরীক্ষার উপযুক্ত ছিল , ভেঙ্গে গুড়ো হয়ে যায়নি। আরটি-কিউপিসিআর এমন ভাবে সেট আপ করতে হবে যেন এটা খুব কম সংখ্যক ভাইরাস কেও ধরে ফেলতে পারে। এই পরীক্ষা খুবই সুক্ষ যেহেতু প্রতিটি সাইকেল (cycle) লিপিবদ্ধ হয় এবং এতে শুধু করোনাভাইরাসই ধরা পরে। এর জন্য কয়েক ঘণ্টা থেকে তিন চার দিনও লাগতে পারে। মেডিকেল এবং ট্রাভেল এর জন্য যে দ্রুত আরটি-পিসিআর পরীক্ষা করা হয় সেটা দ্রুত (৩-৪ ঘণ্টা)পরীক্ষার ফল প্রকাশ এবং পরীক্ষা নির্ভুল হওয়ার মধ্যে এক সামঞ্জস্য রক্ষা করা। অনেক ভুল হওয়ার সম্ভাবনা থাকলেও জরুরি পরিস্থিতির মোকাবিলা করার জন্য এটা মেনে নেওয়া হয়। তবে একই পরীক্ষায় পসিটিভ ও নেগেটিভ কন্ট্রোল ব্যবহার করলে ফলস নেগেটিভের বা পসিটিভের সংখ্যা কম হবে এবং ভাইরাস সংক্রমণ রোধ করতে সাহায্য করবে। সংক্রমণ রোধ করার চাবি কাঠি অনেকটাই এখনও লুকিয়ে রয়েছে কখন নমুনা সংগ্রহ করা হয়েছে ও কিভাবে করা হয়েছে এবং আরএনএ- র মানের ওপর। নতুন ভেরিয়্যান্ট নতুন উপসর্গ নিয়েও দেখা দিতে পারে কারন অন্য কোষেও ভাইরাসের রিসেপ্টার রয়েছে। সেটা আরও কঠিন রোগের উৎপত্তি করবে কিনা সেটা সিটি ভ্যালু থেকে নাও বোঝা যেতে পারে। কারন এটা শরীরে আরও অন্য কোন কঠিন রোগ আছে কিনা তার ওপরও নির্ভরশীল। আরটি-পিসিআর পরীক্ষার সঙ্গে সঙ্গে ক্লিনিক্যাল উপসর্গও পর্যবেক্ষন করা বিশেষ জরুরী।

আরটি-পিসিআর এবং করোনাভাইরাস প্রতিরোধের জন্য টিকা আবিষ্কার হওয়ায় সংক্রমণ প্রতিরোধ করা অনেকটাই সম্ভব হয়েছে। কিন্তু এখনও পৃথিবীর বহু দেশেই সময়ে সময়ে নতুন সংক্রমণ গভীর উদ্বেগের কারন হয়। এখনও কোন ঔষুধ (antiviral) বের করা সম্ভব হয়নি, যার দ্বারা রোগিকে সম্পূর্ণ সুস্থ করা যায়। কয়েকটি ঔষুধ যেগুলির উপর এখনও সমস্ত তথ্য সংগ্রহ করা সম্ভভ হয়নি সেগুলি শুধু জরুরি অবস্থায় বা অবস্থা বিশেষে ব্যবহার করার জন্য অনুমতি দেওয়া হয়েছে (remdesivir, Paxlovid) । বেশির ভাগই শরীরে ভাইরাস যে পথে অগ্রসর হয় সেই পথের (pathway) ওপর থাকা সেতুগুলোকে ভেঙ্গে দিয়ে বাধার সৃষ্টি করে এর গতিকে কমিয়ে দেয়। ব্যাপারটা অনেকটাই এই রকম । এর ফলে শরীরে ভাইরাসের সংখ্যা কমে যায় এবং চিকিৎসার জন্য অনেক বেশি সময় পাওয়াও হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা বা প্রানহানির আশঙ্কা কমে যায় ।

অতিমারী বিশ্বে নতুন নয়, আগেও এসেছে । এটা সংক্ষেপে উল্লেখযোগ্য, ১৮৫৫ সালে তৃতীয় প্লেগ (bubonic plague) অতিমারী এবং ১৯১৮ সালে স্প্যানিশ ফ্লু (spanish flu) সারা বিশ্বে লক্ষ লক্ষ লোকের প্রান নিয়েছিল। তৃতীয় প্লেগ অতিমারীও আরম্ভ হয়েছিল চিনের য়ুন্নান (Yunnan) শহরে এবং সেটাতে ভারতবর্ষে ও চিনে ১২০ লাখ এবং সমগ্র পৃথিবীতে প্রায় ১৫০ লাখ মারা যায়। দুটি ক্ষেত্রেই সেই সময়ে উপসর্গ দিয়ে রোগ নির্ণয় করা হত। ভারতবর্ষে প্লেগের টিকা আবিষ্কার করেছিলেন ওয়ালদেমার হ্যাফকিন (Waldmer Haffkin) ১৮৯৭ সালে এবং মুম্বাইতে এই প্লেগ ল্যাবরেটরির বর্তমান নাম হ্যাফকিন ইনস্টিটিউট। যেহেতু প্লেগে সংক্রমিত ইঁদুর থেকে ফ্লীস (flees) ইয়েরসিনিয়া পেষ্টিস (Yersinia pestis) নামক ব্যাকটেরিয়া মানুষের শরীরে ছরাত, তাই সংক্রমণ প্রতিরোধ করার জন্য রোগিকে আলাদা রাখা জরুরী ছিল না। স্প্যানিশ ফ্লু ইনফ্লুএনজা ভাইরাস এ (H1N1) দ্বারা আক্রান্ত হওয়ার পরিনাম-এই পর্যন্ত সব থেকে ভয়াবহ অতিমারী, প্রানহানী সারা বিশ্বে ৫০০ লাখের ওপরে উঠতে পারে। । বিশ্বযুদ্ধ ১ এর রক্তক্ষয়ী সংগ্রামে প্রায় ২০০ লাখ লোক মারা য়ায়। যদ্ধশেষে সৈন্যরা স্প্যানিশ ফ্লুর সংক্রমণ নিয়ে বাড়ি আসে। যুদ্ধে যত লোক মারা যায়, তার থেকে ফ্লুতে মৃত্যুর সংখ্যা অনেক বেশি। টিকা আবিষ্কার হয় অনেক পরে ১৯৩৮ সালে। এর থেকে কিছু তথ্য আমরা পেয়েছিলাম যেমন, পর পর কয়েক টি তরঙ্গে (wave) এই রোগ সংক্রমিত হয়েছিল। ফলে করনাভাইরাসের ক্ষেত্রে এটা অনুমান করা সহজ হয়েছিল। রোগীকে আলাদা রাখা, ব্যাক্তিগত স্বাথ্যবিধি (hygine), দূরত্ব বজায় রেখে চলা, এ গুলো স্পানিশ ফ্লু অতিমারী থেকেই আমরা জেনেছিলাম। তেমনি, করোনাভাইরাস অতিমারী থেকেও কিছু শিক্ষা আমদের নিতেই হবে যেটা ভবিষ্যতে আরও বড় রকমের নতুন কোন অতিমারী মোকাবিলা করতে সাহায্য করবে। যদিও এক বছরের মধ্যে করোনাভাইরাসের টিকা আবিষ্কার সম্ভভ হয়েছে, অতিমারী আরম্ভ হওয়ার সঙ্গে সংগেই আন্তর্জাতিক তথ্য আদান প্রদান আরও জোরদার করতে হবে। বিমান চলাচল কঠোর ভাবে নিয়ন্ত্রণ করতে হবে। আরটিপিসিআর এর ব্যবহার প্রতি পদক্ষেপেই সঠিক হওয়া অত্যন্ত জরুরি। টিকা তৈরি ত্বরান্বিত করতে গেলে ল্যাবরেটরিতে ছোট প্রাণীর মডেল নিয়ে কাজ করার ব্যবস্থা ও নিরাপত্তা আরও উন্নতমানের হওয়া দরকার। জরুরী অবস্থা মোকাবিলা করার জন্য ছোট ছোট মলিউকুল দিয়ে আরও ভাল ককটেল তৈরি করা যা ভাইরাস কে পঙ্গু করে দেবে। তাছাড়া ব্যাক্তিগত স্বাথ্যবিধি মেনে চলা যেমন, মাস্ক ব্যবহার করা, ঘনঘন হাত ধোয়া বা দস্তান্না ব্যবহার করা, সঠিক দুরত্ব বজায় রেখে চলা যে গুলি সংক্রমণ রোধে অপরিহার্য।

জগতের অগ্রগতি ও মঙ্গলের জন্যই বৈজ্ঞানিক গবেষনার প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মকে সচেতন করার জন্য যে কথা টি বলা আবশ্যক সেটা হল নোবেল প্রাইজ এর জন্য খুব উচ্চ মানের মেধা সব সময় দরকার নাও হতে পারে। আরও অনেক গুন যেমন ধৈয্য, অধ্যবসায়, চারিত্রিক দৃঢ়তাও থাকা খুব্ প্রয়োজন, এবং সঠিক সময়ে সঠিক জায়গায় থাকতে হবে। বিজ্ঞানের ভবিষ্যৎ দিক অনুমান করা খুবই কঠিন। নিত্য নতুন আবিষ্কারের ফলে যে কোন মুহূর্তে দিক পরিবর্তন ঘটতে পারে।
বিশদ বর্ণনা ও ইংরেজী ভাষার প্রয়োজনে জন্য নিচের লিঙ্ক টি ব্যবহার করুনঃ

https://timesofindia.indiatimes.com/blogs/author/gokul-c-das/

(লেখক একজন মলিকুলার ভাইরলজিস্ট এবং ক্যানসার রিসারচ্ বিজ্ঞানী । কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিদ্যায় স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি ডিগ্রি । গত ৪৫ বছর ফ্রান্স এবং আমেরিকায় উচ্চতর গবেষনায় রত ছিলেন। ডঃ দাস অতিতে ফ্রান্সের সিএনআরএস (CNRS) ও আমেরিকার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেলথ্ (NIH) এর ভিসিটিং সাইনটিষ্ট্ এবং টেক্সাস বিশ্ববিদ্যালয়ের প্রোফেসর ছিলেন। সম্প্রতি বেইলোর কলেজ অফ মেডিসিন থেকে অবসর নিয়েছেন। ডঃ দাস দীর্ঘ দিন ডিএনএ এবং আরএনএ ভাইরাস নিয়ে গবেষণা করেছন। পিসিআর বা আরটি-পিসিআর দৈনিক ভিত্তিতে গবেষনাগারে ব্যবহৃত পদ্ধতি।)



Radha Krishna - Roshni Kundu

আগমনীর সুর - রীতা ব্যানার্জী

ঢ্যাম কুরাকুর ঢ্যাম কুরাকুর
ঢাকের বাদ্যি বাজে,
তোমার আমার সবার এখন
মন লাগে না কাজে।

আকাশ খুশী বাতাস খুশী
এলো খুশীর বন্যা
দশভুজা মা আসছেন
হিমালয়ের কন্যা।
বিপদ নাশিনী শক্তি দায়িনী
অসুর দলনী মা,
আসছে মোদের ঘরের মেয়ে
কল্যাণী উমা।

কৈলাশেতে থাকেন তিনি
ভোলানাথের ঘরে,
শরৎকাল এলেই উমার
মোদের মনে পড়ে।

আয় রে গৌরী উমাশশী
তাড়াতাড়ি আয়,
আমরা সবাই বসে আছি
তোরই আশায়।

শরতের এই হিমেল হাওয়ায়
কাশের মাথা দোলে,
গাছভরা দেখ শিউলি ফোটে
পদ্ম ফোটে জলে।

আগমনীর সুর বাজে
মোদের সকল প্রাণে,
মা এসেছে বরণ করো
আনন্দ আর গানে।

শঙ্খ বাজাও, প্রদীপ জ্বালাও
উলুধ্বনি দাও,
সিন্দুর পরিয়ে মায়ের
জয়ধ্বনি দাও।

বলো দূর্গা মাঈকী
জয়।
জয় জয় মা দূর্গা মাইকী
জয়।

সংকেত - গোপাল দেবনাথ

যখন শুনেছি মর্মর ধ্বনি,
শুষ্ক বনানী মাঝে।
যখনি দেখেছি নক্ষত্র খচিত
নীলাভ আকাশ সাঁঝে।

যখন পেয়েছি মধুর আঘ্রাণ
হাসনুহানার ইঙ্গিতে -
তখনি মন মাতাল মাতালো
কোন সে এক নব দিগন্তে।

কোন সে এক জীবন জীবাশ্ম
কিশলয় ছেড়ে হলুদ পর্ণে।
কোন সে এক আবর্তন শুধু,
ঘুরে ফিরে যায় মনে -
তখন বুঝেছি স্রষ্টার মাঝে
সৃষ্টির এ জীবনে।

শরৎ - গোপাল দেবনাথ

ভোরের বেলায় বকুল তলায়
চড়ুই পাখির বকবকানি
শিউলি গাছের শিউলি তলায়
শিউলি ফুলের চাদরখানি

পদ্ম দীঘির পদ্মপাতায়
পদ্ম হাসির মুখখানি
পদ্ম দীঘির পদ্মপাতায়
শিশির বিন্দু -
মুক্তোর ঐ চকমকানি

নীল আকাশে সাদা ভেলা
উদোম হাওয়া করছে খেলা
কাশ বনের ওই সাদা ফুলে
খেলছে হাওয়া দুলে দুলে

শরৎ এলো বলে
শারদীয়া দূর্গা পূজা
শ্রেষ্ঠ পরব বাঙালির
তাইতো শরৎ সবার সেরা
উপোস থেকে অঞ্জলীর ।

Interview – Anushree Mukherjee

Sharodiya greetings to everyone!
I convey my sincere thanks to "Sharod Anjali 2023" and the entire team of SDKKM for the opportunity to share my recently published interviews in magazines like CanvasRebel and GoSolo about my roles as an Entrepreneur and an Author.
Anushree Mukherjee / Shree
****

Meet Anushree Mukherjee (pen name - Shree)

We were lucky to catch up with Anushree Mukherjee (aka Shree) recently and have shared our conversation below:



Hi Anushree, thanks for joining us today. What's the backstory behind how you came up with the idea for your business?

First of all, I want to express my gratitude to CanvasRebel & GoSolo magazines for featuring me. It truly means a lot. As you are aware from my previous interviews, I quit my full-time IT job when I relocated to USA from UK, almost eight years ago. Soon after, I began to hunt for a profession that might fulfill both my dreams and satisfaction. I decided to work for myself – be my own boss. There is a saying that USA is a land of opportunities. But I must also mention "nothing comes free", especially while making a life-changing decision in a completely strange land. The decision-making process for a career change involves a lot of planning and courage to overcome the confusing and negative thoughts. There are several risk-factors which at times were compelling me to give up the idea. There were times when I thought repeatedly, "What will happen if my idea of walking the quaint path fails?" I spent several nights freaking out with what I was aiming for. But once the decision was made, I did not look back. Sticking to the decision and working towards the goal takes

a lot of resilience and conviction. Meanwhile I fell pregnant twice. By that time, I knew for sure that I must work from home and set my own hours. This directed me to become an Author and a Freelance Virtual Executive Consultant. My role as an author helps me to unleash my creativity in multifarious ways. On the other hand, the role of Executive Consultant is both exciting and fulfilling because I get to work alongside the top management of businesses or start-ups, i.e. CEOs, Founders, Directors, Managing Members or Partners. Not only that, but this role also allows me to get involved in a wide variety of skills and therefore is a terrific evolving experience. This endeavor gradually opened up a stupendous opportunity for me – I was offered the role of Chief of Operations (COO) of a start-up chiefgreenofficer.com, which markets green and sustainable technologies to mid-range and large corporations to help them to reduce carbon foot-print, improve efficiency and production by reducing headcounts and controlling costs.

As always, we appreciate you sharing your insights and we've got a few more questions for you, but before we get to all of that can you take a minute to introduce yourself and give our readers some of your background and context?

Good question. Thanks to your previous publications, your readers mostly know me by my pen name 'Shree' as an award-winning author and film-writer, where I also talked about my home-based small business providing end-to-end solutions for digital publishing and broadcasting media. Formally, since I already have a consistent career path in the IT industry in managerial roles, I was working hard to amalgamate both my creative and technical experiences to provide multi-skilled services virtually, so that I can create a work-life balance. I did extensive research on how I would achieve this goal and came across a few freelance platforms who are in need of Virtual Executives or Consultants to share the workload of the top-managements of several businesses and start-ups across the globe. And bingo! I got the idea to advertise myself as a Virtual Executive Consultant along with the wide spectrum of skills I have accrued over the years of industrial experience, across several continents. Gradually I began to get responses and eventually offers to join businesses virtually. The best part of my work is that it is 100% virtual. I do every bit of work from home. Initially it was difficult to win over several business clients. So, I began with a couple of clients and worked diligently to prove myself. Parallelly, I upgraded myself with relevant courses from reputed institutions like UC Berkeley and Harvard. Gradually my network grew because my existing clients were referring my services to other businesses. And now I can say I have enough work to keep me going. And over the past three years, because of COVID restrictions, virtual careers became more and more in demand, which eventually helped me to establish my services as a

100% virtual service provider. So basically, out of several hats I wear (including being a mom of three little boys), I have two major careers now:
1) Virtual Executive Consultant / Founder of my firm **ASAPS Solutions**
https://www.asaps-solutions.com/

2) Writer / Founder at **Meandering Thoughts with Shree**
https://meanderingthoughtswithshree.wordpress.com/anushree-mukherjee/

What's been the best source of new clients for you?

As a Virtual Executive Consultant my best source are the online platforms who already have a trusted bank of thousands of entrepreneurs signed up for the need of virtual consultants. And as a writer, I bank primarily on social media networking. I am also grateful to several media like yours – both print and broadcast – who are spreading the word and helping to catch more eyeballs.

Can you tell us about what's worked well for you in terms of growing your clientele?

I believe in honesty, diligence, resilience and staying focused and responsible. Along with these qualities, I also try to convey purposeful communication and maintain a healthy and long-term work relationship with my clients which are the foundation of trust and work as a solid reference while onboarding new clients.

What's one of the hardest things that comes with being a business owner?

The hardest thing about being a solo entrepreneur is to organize, manage, and assume the risks of the business or enterprise without any help. This is a huge responsibility.

Thank you so much for sharing an insight of your story. Please share where people can find you and your business:

Virtual Executive Consultant
ASAPS Solutions
https://www.asaps-solutions.com/
anushree@asaps-solutions.com
(732) 956 8353

Author / Scriptwriter / Speaker
Meandering Thoughts with Shree
https://meanderingthoughtswithshree.wordpress.com/
shreeauthor@gmail.com
(732) 956 8353

Credits and copyrights – **CanvasRebel2022** and **GoSolo2023**

Unbreakable Spirit: Women Empowered — Saloni Majumdar

In strength and grace, women rise,
With dreams that reach the endless skies.
Empowered hearts, they break the chains,
A force of nature that nothing restrains.

From the depths of history to the present day,
They've paved the path in their unique way.
With wisdom, courage, and voices strong,
They've proved that they truly belong.

In boardrooms, homes, and fields they strive,
Breaking barriers to truly thrive.
Equality is their guiding star,
They've come so far, from near and far.

Resilient, bold, and fierce with an Unbreakable spirit they stand,
Power to shape a better land.
Women, empowered, light the flame,
In a world where justice is the aim.



The Rose
Roshni Kundu

South Asian Dreams in the American Mosaic – Saloni Majumdar

In lands where stars and stripes unfurl,
I am a South Asian, a diverse pearl.
From Mumbai's shores to ancient Indus' flow,
My roots run deep, in America's glow.

Amidst the melting pot, I find my place,
A fusion of cultures, a diverse embrace.
Spices in my kitchen, traditions in my heart,
I'm a tapestry of heritage, a work of art.

In saris or jeans, I proudly stand,
A bridge between worlds, a dreamer's strand.
My ancestors' stories, in my veins they roam,
In this land of dreams, I've found my home.

Through Diwali's lights and Eid's sweet grace,
I navigate this journey, find my space.
South Asian in America, I proudly claim,
A rich, vibrant tapestry within the nation's frame.

From samosas to burgers, I blend with glee,
A South Asian in America, proud and free.
In unity we thrive, diversity our might,
A tapestry of colors, in freedom's light.




A Boat by the Sea
Roshni Kundu



Maa Durga – Riya Ghosal



Painting - Roshni Kundu



Desi Kid Swag — Drik Banerjee

If you know anything, you know that being a desi kid born in America is a very unique experience. Being influenced by American traditions and culture while still having Indian roots almost forms a third culture and community. And I think that's amazing. Especially because there are so many kids in this situation, but that's not entirely what this writing is about. I want to highlight all the things we do as part of this third community. Such as: mixing and matching English and Bengali words, playing *Rabindra Sangeet* on western classical instruments, and lying about what the word "hello" is in our mother tongue to our American friends ("hello" in Bengali totally means *"tumi ekta baje meye"*)*. Food is one way our culture blends together. We might have *samosas* with a side of fries or *gulab jamun* with ice cream. And when we make these food combinations, we enrich both foods just like we enrich both our cultures. Haters might say those combos are gross, but we know in our hearts that these foods were supposed to be combined. Another way we are united by food is our unwavering love for maggi (anyone who says they're *just noodles* is blatantly wrong). But whether or not you like maggi, we can all admit we have our own *desi* comfort food.

Another way we mix and match cultures is with holidays. We might invite our non-desi friends to play Holi with us, or enjoy the 4'th of July not with hamburgers, but with *rasgulla*. Holidays are always so fun and epic, especially desi holidays. I think celebrating our Indian holidays in American ways and vice-versa makes things so much more fun. Like one time, I had Thanksgiving at an auntie's house, but instead of bland turkey on our plates, we had *biryani*, and it was epic! Or at Holi, my Serbian-American friend Viktor came from across the street to see what we were doing, and we invited him to play. We had an absolute blast of a time!

Clothing is yet another way our blended culture shines. We might wear a *punjabi* with jeans, or a *saree* with a crop top blouse. Our clothes mean


something. They are a statement to who we are and what we want to be. I think that mixing American and Indian sartorial savvy styling perfectly expresses our third culture. One time, my sister went to an Anoushka Shankar concert (an Indian classical sitar concert), and she wore jeans and a t-shirt which was… interesting. But that was the statement she wanted to make. She cared more about the concert and less about what she wore to the concert. Or one time I wore a *punjabi* at my birthday party with all my non-desi friends because it looked awesome! Really, the main point I want to make is that clothing is very important as an aspect of culture, and I think it's very cool that we feel comfortable making our own American/Indian styles.

I could go on and on and on because there are so many facets of culture. There's language, entertainment, music, food, holidays, and so much more. But the main point I want to make is we should all feel good about making our own styles and fusions. It doesn't make you any less Indian or any less American. The fusions we create enrich both cultures and make us who we are.

**(Editor's note: Its tricky to say "Hello" in Bengali; but the phrases like "Ohe" or "Aare" can be used to say Hello.)*



The Bird
Aradhana Banerjee (6th Grade)



Scenery
Aradhana Banerjee (6th Grade)


Durga Puja – Ayushi Chatterjee, 6th Grade

Durga Puja is a festival for all,
It comes during the season of fall.
Durga Puja is so much fun,
The goddess Durga is the main one.
All other gods and goddesses come down to earth from the heaven,
to gift us a ecstatic joyful festival yet again.
Pandals, grand decoration, lights, food stalls, and family
Durga puja is the coveted time to be happy, finally.
So many different activities to do
It goes on for four days, each day has a different name, too.
Every day has a special thing
Everyone laughs, dances and sings.
Goddess Durga departs leaving us in tears, but none to fear,
For we have their blessings here, till the festival next year.









Messi (Pencil Sketch)
Adrit Ghosh (6'th Grade)




The Girl
Avinanda Saha (8'th Grade)




Flowers
Avinanda Saha (8'th Grade)




T-Rex
Renav Ghosal (3rd Grade)







Few Paintings
Neil Sarkar
(8th Grade)




"Aasche bochor abar hobe" – Neil Sarkar (8th Grade)

On Panchami, when Maa Durga visits us after a year, our joy has no bounds. After barely four days, we observe Bijoya Dashami, the day we embrace Maa's departure with sadness. Like all good things that come to an end, puja comes to an end too. The mixed emotions on everyone's faces make this event very precious to me. It appears to me that Maa Durga mourns to leave her paternal house to return to Kailash to be with Lord Shiva, leaving this earthly world behind. And all of us silently sigh to accept the fact that Maa Durga will come to us again after one long year. It is believed that Maa Durga comes only to give us happiness, and goes away carrying all of our burdens and pain with her. I ask for Her blessings as she returns to Mount Kailash with the thought of "sobai ke bhalo rekho, bhalo theko".

Dr. Bishnupada Goswami – Honors and Credentials



Dr. Bishnupada Goswami with RSS Chief Shri Mohan Bhagwat



Dr. Bishnupada Goswami with Shri Harivansh Narayan Singh, Deputy Chairman of Rajya Sabha
May 14, 2023
Taj Bengal, Kolkata



Dr. Bishnupada Goswami with H.E Prithvirajsing Roopin, G.C.S.K, President of Mauritius
May 14, 2023
Taj Bengal, Kolkata



Dr. Bishnupada Goswami, with Shri Ram Nath Kovind, Honorable ex-President of India

SDKKM Board of Directors: Dr. Bishnupada Goswami (Chief Priest and SDKKM President), Mrs. Aparna Goswami, Mr. Champak Sadhu, Mrs. Sandhya Singh

SDKKM Pujo Members

- Mrs. Sandhya Singh
- Mr. Salil and Mrs. Maya Banerjee
- Mr. Pralay and Mrs. Chandra Das
- Mr. Swapan and Mrs. Illa Das
- Mr. Ashok Gupta and Mrs. Lopamudra Gupta
- Mr. Shyamal and Mrs. Susmita Poddar
- Mr. Santosh and Mrs. Gita Mondal
- Mr. Amit and Mrs. Archana Banerjee
- Mr. Aniruddha Datta & Mrs. Anindita Sen
- Mr. Somsubhra Chakraborti
- Mr. Janak and Mrs. Tara Tiwari
- Mr. Devkumar and Mrs. Devkonya Banerjee
- Mr. Debajyoti and Mrs. Dolan Banerjee
- Mr. Ashok and Mrs. Ruma Chatterjee
- Mrs. Mumu De
- Mr. Partho and Mrs. Srabanti Mukherjee
- Mrs. Sravana Borkataky-Varma
- Mr. Ripon and Mrs. Purnima Das
- Mrs. Krishna Chaudhuri and Late Mr. Sunil L Chaudhuri
- Mr. Biswanath and Mrs. Suchitra Jana
- Mrs. Minati Banerjee
- Mr. Souvik and Mrs. Suparna Dutta
- Mr. Atish Chandra Lahiri and Mrs. Rajashree Lahiri
- Mr. Santosh and Mrs. Mamata Mukherjee
- Mr. and Mrs. Partha Mohanty
- Mr. Ashok and Mrs. Bidisha Santra
- Mr. Sudipta and Mrs. Tanya Bera
- Mr. Kingshuk and Mrs. Soumee Choudhury
- Mr. Rajib and Mrs. Tania Ghosal
- Mr. Sagnik and Mrs. Aditi Bakshi
- Mr. Tonmoy and Mrs. Bisakha Roy
- Mr. Shivaji and Mrs. Rumki Das Gupta
- Mr. and Mrs. Partha Bandopadhyay
- Mr. Bhaskar and Mrs. Rima Sarmah
- Mr. Soumen and Mrs. Sutapa Khatua
- Mr. Subhas Sreeram and Mrs. Shonali Majumdar
- Mr. Rahul and Mrs. Vishakha Dastidar
- Ms. Roshni Kundu
- Mr. Soumya and Mrs. Rina Ghosh
- Mr. Nandan Kumar and Mrs. Subhalakshmi Mondal
- Mr. Pradipta and Mrs. Lisa Sarkar
- Mr. Samrat and Mrs. Mahasweta Chatterjee
- Mr. Surojit & Mrs. Anushree Mukherjee
- Mr. Arnab and Mrs. Nivedita Chakrabarty
- Mr. Abhijit Choudhury and Mrs. Arghya Dhar
- Mr. Jayanta and Mrs. Tanusree Debnath
- Mr. Partho and Mrs. Mohua Roy
- Mr. Palash and Mrs. Mousumi Banerjee
- Mr. Kamalesh and Mrs. Chhanda Chatterjee
- Mr. Saugata Gon and Mrs. Somdatta Gangopadhyay
- Mr. Utsab Ganguly
- Mr. Ipsito and Mrs. Champakali Banerjee
- Mr. Prasun and Mrs. Maumita Chaudhury
- Mr. Sujit Bhowmick and Mrs. Alolika Roy
- Mr. Arghya and Mrs. Sharmistha Chakraborty
- Mr. Arijeet Majumdar and Mrs. Debosmita Dey
- Mr. Jamal Saha and Mrs. Pampa Biswas
- Mr. Supriyo and Mrs. Payel Ghosh
- Mr. Ashif and Mrs. Riniki Hossain
- Mr. Pradipto & Mrs. Tiyona Moitra
- Mr. Reevu Mukherjee and Mrs. Teesta Acharya
- Mr. Sayantan Pramanik and Mrs. Priyanka De
- Mr. Soumen & Mrs. Subhashri Majumdar
- Mr. Anol Kumar and Mrs. Chaitali Mukhopadhyay
- Mr. Abhishek Ghosh and Mrs. Swati Sengupta
- Mr. Samrat and Mrs. Pamela Saha
- Mr. Amarnath and Mrs. Manjari Banerjee
- Mr. Bidhan De and Mrs. Ruma Mukherjee
- Mr. Nipun and Mrs. Usha Shah
- Mr. Pratik and Mrs. Sanchita Dhar
- Mr. Vince D'Souza and Mrs. Nandita Das D'Souza

... and the list grows



CONTACTS		
Ashok Santra	President	214-435-9221
Kingshuk Choudhury	Vice President	713-294-9564
Tania Ghosal	Joint Secretary	425-214-6754
Sagnik Bakshi	Joint Secretary	832-297-5981
Tonmoy Roy	Treasurer	281-818-5652
Tanya Bera	Cultural Secretary	404-528-4853

Email: SDKKM.Pujo.Houston@gmail.com

Website: https://sdkkm.org/

Facebook: www.facebook.com/sdkkm.houston